বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা) এর দপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১০ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১.২৫.৪৬২

## দপ্তরাদেশ

বাগেরহাট শহর ও পৌর এলাকার জলাবদ্ধতা নিরসনে বাগেরহাট শহর ও পৌর এলাকার পুরাতন স্লুইসগেট মেরামত/পুন:নির্মাণ ও খাল পুনঃখননের কাজ বাস্তবায়নের নিমিত্ত ডিপিপি প্রণয়ন করার লক্ষ্যে মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক সম্ভাব্যতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ কারিগরি/সমীক্ষা প্রতিবেদন প্রণয়নের জন্য বহিঃসদস্যসহ বাপাউবো'র নিম্নেবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধির আওতায় একটি কারিগরি/সমীক্ষা সম্পাদন কমিটি গঠন করা হলো।

| ক্রঃ নং | কর্মকর্তাগণের নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৮, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব তাসনিয়া হক, নির্বাহী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৮, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব নাসরিন সুলতানা, উপ-প্রধান (কৃষি), অর্থনৈতিক মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব মোঃ রশিদুল মামুর রাফিদ, নির্বাহী প্রকৌশলী (পুর), অতিঃ প্রধান প্রকৌশলী, আইসিজেড ও ক্লাইমেট চেঞ্জ ম্যানেজমেন্ট এর দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | IWM এর একজন প্রতিনিধি। | সদস্য |
| ৬। | নির্বাহী প্রকৌশলী (পুর), বাগেরহাট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বাগেরহাট। | সদস্য-সচিব |

**<u>কমিটির কার্যপরিধি</u> :**

ক) কমিটির সদস্যগণ প্রস্তাবিত প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রকল্প সংশ্লিষ্ট অংশীজন/স্টেকহোল্ডার , স্থানীয় জনগণ, ছাত্র প্রতিনিধি ও জনপ্রতিনিধি, কৃষি অধিদপ্তর, পরিবেশ ও বন অধিদপ্তর, মৎস অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সিটি কর্পোরেশন (প্রযোজ্য ক্ষেত্রে), জেলা প্রশাসনসহ অন্যান্য সংশ্লিষ্ট সরকারী/বেসরকারী/এনজিও কর্মকর্তাগণের সাথে ফলপ্রসূ আলোচনা করবেন। উক্ত আলোচনার মাধ্যমে গৃহীত মতামতের আলোকে প্রস্তাবিত প্রকল্প/কার্যক্রমের যথার্থতা নিরূপণ তথা উদ্যোগ গ্রহণ করবেন;

খ) বাগেরহাট শহর ও পৌর এলাকার জলাবদ্ধতা নিরসনে বাগেরহাট শহর ও পৌর এলাকার পুরাতন স্লুইসগেট মেরামত/পুনঃনির্মাণ ও খাল পুনঃখননের কাজ বাস্তবায়নে ডিপিপি প্রণয়নের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম সুপারিশসহ প্রকৃতিভিত্তিক সমাধান/ব্যবস্থা (Nature based Solution) কে অগ্রাধিকার দিয়ে অন্তর্ভুক্তিমূলক/Inclussive মতামত উপস্থাপন করবেন;

গ) পাম্প হাউজ স্থাপন ব্যতীত মাঠ দপ্তর হতে প্রস্তাবিত স্বল্প ও মধ্যমেয়াদী পরিকল্পনা বাস্তবায়নে ফলপ্রসূতার বিষয়ে কারিগরি তথ্য-উপাত্ত বিশ্লেষনে সুচিন্তিত ও সুস্পষ্ট মতামত প্রদান করবেন;

ঘ) প্রযোজ্য ক্ষেত্রে পূর্ববর্তী সমীক্ষা পর্যালোচনা, প্রস্তাবিত প্রকল্পে জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব বিবেচনা পূর্বক প্রয়োজনীয় কার্যক্রম এবং প্রস্তাবিত কাজটি টেকসই ও দীর্ঘমেয়াদী ফলপ্রসূ বিষয়ে কারিগরি তথ্য-উপাত্ত বিশ্লেষনে সুচিন্তিত ও সুস্পষ্ট মতামত প্রদান করবেন;

ঙ) A3 সাইজের কাগজে মুদ্রিত প্রকল্প এলাকায় কি ধরনের কাজ করা হবে তা প্রদর্শন করিয়ে রঙিন সূচক/ইনডেক্স এবং সাইট প্লান ম্যাপ/মানচিত্র সংযোজন করবেন;

চ) বাপাউবো'র চলতি অনুমোদিত দর তফসিল ও অনুমোদিত নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের ব্যয় প্রাক্কলন সর্ম্পকিত মতামত প্রদান করবেন;

ছ) বিবিধ।

২। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন। প্রস্তাবিত কমিটির কোন কর্মকর্তা বদলী বা অন্যত্র গমণ করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।

৩। কমিটি পরবর্তী ১৫(পনের) কার্যদিবসের মধ্যে পরিকল্পনা বিভাগ,পরিকল্পনা মন্ত্রণালয় হতে জারীকৃত ডিপিপি প্রণয়ন/সংশোধন বিষয়ক **"সরকারী খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা, ২০২২ খ্রি."** অথবা সর্বশেষ প্রকাশিত নির্দেশিকার আলোকে নির্ধারিত সমীক্ষা/কারিগরি প্রতিবেদন ফরম্যাট অনুসরন করে কারিগরি প্রতিবেদন প্রস্তুত করে ৩(তিন) প্রস্তে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন। **এছাড়াও, স্বাক্ষরিত প্রতিবেদনের স্ক্যান করা কপি (.pdf ফরম্যাটে, অনধিক ২৫ MB) আবশ্যিকভাবে ডি-নথি/ইমেইলের মাধ্যমে সংযুক্ত করে অত্র দপ্তরে প্রেরণ করবেন।**

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৮, বাপাউবো, ঢাকা।


২। জনাব তাসনিয়া হক, নির্বাহী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৮, বাপাউবো, ঢাকা।

৩। জনাব নাসরিন সুলতানা, উপ-প্রধান (কৃষি), পরিবেশ ও অর্থনৈতিক বিষয়ক ইউনিট, অর্থনৈতিক মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

৪। জনাব মোঃ রশিদুল মামুর রাফিদ, নির্বাহী প্রকৌশলী (পুর), অতিঃ প্রধান প্রকৌশলী, আইসিজেড ও ক্লাইমেট চেঞ্জ ম্যানেজমেন্ট এর দপ্তর, বাপাউবো, ঢাকা।

৫। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নপূর্বক অত্র দপ্তর এবং কমিটির আহবায়কের ইমেইলে মনোনয়ন পত্র প্রেরণের অনুরোধসহ)।

৬। নির্বাহী প্রকৌশলী (পুর), বাগেরহাট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বাগেরহাট।



১০-০৯-২০২৫
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব )
০২২২২২৩০০৪০
adg.planning@bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১.২৫.৪৬২/১ (১০)


তারিখ: ২৬ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১০ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।

২। প্রধান প্রকৌশলী (পুর), ডিজাইন এন্ড রিসার্স, বাপাউবো, ঢাকা।

৩। প্রধান প্রকৌশলী (পুর), আইসিজেড ও ক্লাইমেট চেঞ্জ ম্যানেজমেন্ট, ঢাকা, বাপাউবো, ঢাকা।।
৪। প্রধান প্রকৌশলী (পুর), দক্ষিণ-পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), খুলনা পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, খুলনা।
৬। সিএসও টু মহাপরিচালক (ভারপ্রাপ্ত ), বাপাউবো, ঢাকা।
৭। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, সিনিয়র সচিব মহোদয়ের দপ্তর, বাপাউবো, ঢাকা।
৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
১০। দপ্তর কপি।



১০-০৯-২০২৫
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)